

৪২.মন চায়

হাজার ইচ্ছে আজও খুঁজে

তোমায় খুঁজি দূর সীমানায়

যেখানে কেবল তোমার

আমার হৃদয় একাকার,

মন চায় তোমার সানিধ্য

পেতে গভীর মোহনায়;

মনে হয় অনেক দেখার ছিল

অনেক কথা বলার ছিল।

এ বসন্তে এক যুগ হবে

তোমার সংজ্ঞা দেখা নেই

তোমার ডাগর দু'টি চোখে

চোখ রাখা হয়নি একটি বার

তোমার শরীরের ভাঁজে

ভাঁজে আমার পরিচয় নেই;

তবুও কেবল মনের পরিচয়ে

তোমায় পেতে আজও মন চায়।

মধু জমে মিশ্রি হলে

সে আর গড়িয়ে যায় না,

সে কথাটি আমার জীবনে

আজ দুব সত্য হলো;

তবুও তোমায় বার বার

দেখতে মন চায়।